বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
হিসাব সমন্বয় বিভাগ।

ফোন ঃ ০২২২৩৩৮৩৯০৬
Email: dgmrecon@krishibank.org.bd
পিএবিএক্স ঃ ২২৩৯
web: www.krishibank.org.bd

নং-প্রকা/সমন্বয়-৬১/২০২২-২০২৩/২৪২(১২৫০) তারিখঃ ১২.০১.২০২৩ খ্রিঃ

সকল মহাব্যবস্থাপক
সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ১১৬-বিকেবি বিভাগীয় সাধারণ হিসাব এবং ১১৫-বিকেবি আঞ্চলিক সাধারণ হিসাবের অনিষ্পন্ন এন্ট্রিসমূহ শতভাগ সমন্বয় করতঃ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের অত্র বিভাগের ০৫/০৯/২০২২ খ্রিঃ এবং ৩১/১০/২০২২ খ্রিঃ তারিখের পত্র নং- যথাক্রমে প্রকা/সমন্বয়-৬১/২০২২-২০২৩/৮১ এবং ১২১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উল্লেখিত হিসাবদ্বয়ের অনিষ্পন্ন এন্ট্রির সংখ্যা ও টাকার পরিমাণ অসমন্বিত থাকায় BKB Risk Management Unit (RMU) এর ২৪/০৮/২০২২ খ্রিঃ তারিখের মাসিক সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত **'১১৬-বিকেবি বিভাগীয় সাধারণ হিসাব এবং ১১৫-বিকেবি আঞ্চলিক সাধারণ হিসাবের কাজ শতভাগ সমন্বয়ের পর খাত দুটি বন্ধ করার সিদ্ধান্ত হয়'**। এরই ধারাবাহিকতায় গত ২৮/১২/২০২২ খ্রিঃ তারিখে BKB Risk Management Unit (RMU) মাসিক সমন্বয় সভায় পূর্বের গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতির আলোচনা হয়। উক্ত সভার অলোচনার প্রেক্ষিতে উপরোক্ত হিসাব খাত দুটির অনিষ্পন্ন এন্ট্রির সংখ্যা ও টাকার পরিমাণ অদ্যাবধি অসমন্বিত থাকায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চরম অসন্তোষ প্রকাশ করেছেন এবং দ্রুত শতভাগ সমন্বয়ের নির্দেশনা প্রদান করেছেন।

০৩। উল্লেখিত ১১৬- বিকেবি সাধারণ হিসাব এবং ১১৫-বিকেবি আঞ্চলিক সাধারণ হিসাবের অনিষ্পন্ন এন্ট্রির সংখ্যা ও টাকার পরিমাণ নূন্যতম পর্যায়ে নামিয়ে আনার বিষয়ে অত্র বিভাগ হতে ইতোপূর্বে একাধিক নির্দেশনার মাধ্যমে পত্র প্রেরণ ও টেলিফোনিক যোগাযোগ করা হলেও কতিপয় মুখ্য অঞ্চলিক/ অঞ্চলিক কার্যালয়ের হিসাব সমন্বয়ের কাজে গাফিলতি পরিলক্ষিত হচ্ছে যার দরুণ কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হচ্ছে না।

০৪। এমতাবস্থায়, ১১৬-বিকেবি বিভাগীয় সাধারণ হিসাব এবং ১১৫-বিকেবি আঞ্চলিক সাধারণ হিসাবের অনিষ্পন্ন এন্ট্রিসমূহ নিষ্পন্ন পূর্বক হালনাগাদ প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের পাশাপাশি আগামী ৩১/০১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে সকল পুরাতন অনিষ্পন্ন এন্ট্রি সমূহ শতভাগ নিষ্পন্ন করার জন্য পুনরায় সময় বর্ধিত করা হলো। **উল্লেখ্য যে, ৩১/০১/২০২৩ খ্রিঃ তারিখের পর উক্ত হিসাবদ্বয়ের সমন্বয়ের জন্য আর সময় বর্ধিত করা হবে না এবং কর্তৃপক্ষের চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহন পূর্বক হিসাবদ্বয় বন্ধ/ব্লক করা হতে পারে।** অনিষ্পন্ন এন্ট্রিসমূহ শতভাগ নিষ্পন্ন করার জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সকল বিভাগীয় মহাব্যবস্থাপককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

সংযুক্তিঃ **বর্ণনামতে।**

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১২/০১/২৩

(মোহাম্মদ শহিদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩. সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
৪. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিংবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (**পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো**)।
৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭. নথি।

১২/০১/২০২৩

(শাহরিয়ার মাহমুদ হাসান)
সহকারী মহাব্যবস্থাপক